

গল্প শুনি ..  
হাদিস শিখি ...

গল্প শুনি ..  
হাদিস শিখি ...

অংক

মূল

সামাহ কামেল

অনুবাদ

আবদুল্লাহ আল ফারাক

মুসাম্মান খায়রুন নেসা

আমার জান্মাতবাসিণী দাদি-মা  
গল্পের ছলে যিনি আমাকে  
শেখাতেন জীবনের বাস্তবতা।

আবদুল্লাহ আল ফারাক

## মূঢ়ী পত্র

|                           |
|---------------------------|
| এক বাচালের গল্প .....     |
| অল্প আহার .....           |
| চুলের যত্ন নাও .....      |
| ভয় দেখানো ভালো নয় ..... |
| উত্তম কে? .....           |
| অতিথির সেবা করো .....     |
| রাগ করো না .....          |
| ভালো কথার মূল্য .....     |
| অনুমতি তিনবার .....       |
| প্রতিবেশি .....           |

গল্পের ভাষায় জীবন শেখাতে; আহার, ঘুম, সাক্ষাৎ; জীবনের এই অধ্যায়গুলোতে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নির্দেশনা জানাতেই আমাদের এই আয়োজন। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদিস যে উন্নত চরিত্র তথা সততা, পরোপকারিতা ও বড়দের প্রতি সম্মানের দিকে আমাদের আহ্বান করে, সে বিষয়গুলোকেই গল্পের কথামালায় প্রকাশ করতে আমাদের এই উদ্যোগ।

এ গল্পগুলো কেবলই কোনো গল্প নয়। প্রতিটি গল্পের উপাদান আহরণ করা হয়েছে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদিস থেকে। অসাধারণ এই দশটি গল্পের প্রতিটিতেই রয়েছে নবীজির শিক্ষা, হাদিসের আলো। যা আমাদের জীবনকে করে তুলবে বিভাসয়।

### এক বাচালের গল্প

দাদিমা রোজ ওমরকে গল্প শোনান। মজার মজার গল্প। প্রতিরাতে তিনি একটি করে গল্প শোনান। এই গল্প কোনো রাজা-রানি আর পাইক-পেয়াদার গল্প নয়। দুষ্ট কোনো ভূত-প্রেতের গল্প নয়। কোনো যাদুকরের গল্পও নয়। সব সত্য এবং সুন্দর গল্প। যে গল্প আমাদের জীবন সুন্দর করে রাখিয়ে দেয়। যে গল্প আমাদের পৃথিবী পরিপাটি করে সাজিয়ে দেয়। যে গল্প আমাদের পরকাল কল্যাণময় করে।

ওমর প্রতিদিন অধির আগ্রহ নিয়ে বসে থাকে। কখন দাদিমা আসবেন আর নতুন নতুন গল্প শোনাবেন!

ওমর আজ রাতের খাবার দ্রুত খেয়ে নিলো। দাদিমা আজ তাকে অনেক বড় গল্প শোনাবেন। ওমর অপেক্ষা করতে লাগল দাদিমার জন্য। কিছুক্ষণ পর। মন্দুপায়ে দাদিমা এলেন ওমরের রংমে।

ওমর বলল,

দাদিমা, আমি আপনার জন্য সেই কখন থেকে অপেক্ষা করছি। আজ আপনি আমাকে কোন গল্পটা শোনাবেন?

আজ নতুন গল্প শোনাবেন নাকি পুরোনো কোনো গল্পই নতুন করে শোনাবেন?

আচ্ছা, দাদিমা, আজকের গল্পের শেষটাও বলে দেবেন, নাকি আমার জন্য রেখে দেবেন?

আচ্ছা, একটু অনুমান করে দেখি তো, কী নাম হতে পারে আজকের গল্পের! ‘বুদ্ধিমান শেয়াল’ নাকি ‘লোভের পরিণতি’?

দাদিমা হেসে বললেন,

কত কথা বলে ফেললে, ওমর! এবার তুমি থামো, আমি গল্পটা শুরু করি। আমাদের আজকের গল্পের নাম : ‘বাচাল জাওহার’।

শোনো, ওমর। আমাদের জীবন তখনই সুন্দর হয়, যখন তা আমাদের প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আদর্শ থাকবে।

আজ থেকে অনেক দিন আগের ঘটনা। অনেক দূরের এক দেশের ঘটনা। সেই দূরদেশে বাস করত এক ব্যবসায়ী। লোকটি লোবান বিক্রি করত। লোবান হচ্ছে একধরনের সুগন্ধি। লোকটি কথা বলত খুব বেশি। প্রয়োজনের বাইরেও

অতিরিক্ত কথা বলত। এজন্য সবাই তার নাম দিয়েছিল, বাচাল।

সে বাজাও ঘুরে ঘুরে লোবান বিক্রি করত। বাজারে ঘুরত আর বলত, কে আছ, লোবান কিনবে? কে আছ, সুগন্ধি কিনবে?

এসো লোবান নাও। এই লোবান কষ্ট মুছে দেবে, সুখ এনে দেবে।

এভাবে বলতে বলতে একসময় সে মিথ্যা কথা বলে ফেলত।

এই লোবান বিক্রেতার পাশ দিয়ে কেউ গেলে, সে তাকে নিয়ে হাসি-তামাশা করত। দুষ্টুমি করত। মজা করত। বড়-ছোট সবার সাথে সে এমন করত। কার সাথে বলছে, কী বলছে, এসবের প্রতি সে মোটেই লক্ষ করত না।

একদিনের ঘটনা। তার সামনে দাঁড়িয়ে কথা বলছিল দুই ভাই; মনজুর ও মনসুর।

মনজুর বলল,

কী খবর ভাই মনসুর! ইদানীং তোমাকে খুব একটা দেখা যায় না, কিছু হয়েছে কি?

দুই ভাইয়ের কথার মাঝে বাচাল এসে চুকে পড়ল। বাচাল বলল,

মনসুর এখন অনেক ধনী হয়ে গেছে। এখন আর তোমার সাথে দেখা করতে তার ভালো লাগে না।

মনসুর বলল,

ভাইজান, কয়েকদিন আমি আমার কাজ নিয়ে খুবই ব্যস্ত ছিলাম। তাই আপনার সাথে দেখা হয় না।

বাচাল বলল,

মনসুর, তুমি মিথ্যা বলছ। সত্য কথা হলো, তুমি তোমার ভাইকে আগের মতো ভালোবাসো না।

এ নিয়ে এভাবে এক দু কথা বলতে বলতে একসময় দুভাইয়ের মাঝে ঝগড়া বেধে গেল। বাচাল তাদের দুজনকে আরও উত্তেজিত করে তুলল।

দুই ভাইয়ের বাসড়ার আওয়াজ শুনে লোক জড়ো হয়ে গেল। এসময় সেখানে এক চোরও এসে হাজির হলো। সুযোগ বুঝে সে মনসুরের টাকার থলে নিয়ে কেটে পড়ল। থলের ভেতরে ছিল অনেকগুলো টাকা।

কিছুক্ষণ পর মনসুর বুঝতে পারল, তার টাকার থলেটি চুরি হয়ে গেছে। সে